বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি)।

# জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক এলপিজি'র উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর (মূসক) প্রত্যাহারপূর্বক আমদানিপর্যায়ে মূসক আরোপের ফলে সরকারি-বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ, ২০২৬।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ।

# সূচীপত্র


| অনুচ্ছেদ | বিষয়াবলী | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | এলপিজি'র মূসকের হার ও পর্যায় পরিবর্তন | ১-২ |
| ২ | এলপিজি'র মূসক আরোপের পর্যায় পরিবর্তনের পরিপ্রেক্ষিতে সরকারি-বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ | ৩-৪ |
| পরিশিষ্ট-'ক' | মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬ | ৫ |
| পরিশিষ্ট-'খ' | মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬ | ৬ |
| পরিশিষ্ট-'গ' | মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬ | ৭ |
| পরিশিষ্ট-'ঘ' | মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬ | ৮ |
| পরিশিষ্ট-'ঙ' | মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে সরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬ | ৯ |

# জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক এলপিজি'র উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর (মূসক) প্রত্যাহারপূর্বক আমদানিপর্যায়ে মূসক আরোপের ফলে সরকারি-বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ, ২০২৬।

**বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬**

**তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ।**

**জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক এলপিজি'র উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর (মূসক) প্রত্যাহারপূর্বক আমদানিপর্যায়ে মূসক আরোপের ফলে সরকারি-বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ের মূল্য সমন্বয়ের বিষয়ে বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে অদ্য ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে এ আদেশ প্রদান করা হলো:-**

## ১.০ এলপিজি'র মূসকের হার ও পর্যায় পরিবর্তন:

১.১ রীট পিটিশন নং-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ তারিখের আদেশ বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৪) অনুযায়ী এলপিজি'র মূল্যহার পুনঃনির্ধারণের লক্ষ্যে ১৪ জানুয়ারি ২০২১ তারিখে গণশুনানি অনুষ্ঠিত হয়। উক্ত গণশুনানিতে বেসরকারি এলপিজি মজুদকরণ ও বোতলজাতকরণ প্রতিষ্ঠানসমূহ এলপিজির তিনটি পর্যায়েই (মজুদকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং রিটেইলার) সমুদয় মূল্যের ওপর ৫% হারে মূসক প্রযোজ্য হবে মর্মে উল্লেখ করে। এ পরিপ্রেক্ষিতে এলপিজি'র ওপর প্রযোজ্য মূসকের হার স্পষ্টীকরণের বিষয়ে ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর প্রতিনিধির সাথে কমিশনের একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভার পরিপ্রেক্ষিতে ভোক্তাদের ওপর মূসকের হার লাঘব এবং মূসক নির্ণয় পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে এলপিজি-কে পেট্রোলিয়ামজাত পণ্য বিবেচনায় উৎপাদন পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ে একবার ২% হারে মূসক প্রযোজ্য করা এবং উভয় পর্যায়ের মূসক এলপিজি উৎপাদন/মজুদকরণ ও বোতলজাতকরণ প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধের বিধান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের ০৯ মার্চ ২০২১ তারিখের স্মারক নম্বর-২৮.০১.০০০.০১২.১৭.০০২.২০.৮৭ এর মাধ্যমে এনবিআরকে অনুরোধ জানানো হয়। কমিশনের বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে এলপিজির মূল্য স্থিতিশীল রাখার স্বার্থে এনবিআর তাদের সাধারণ আদেশ নং-০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৬; তারিখ: ০৪ মার্চ ২০২১ এর মাধ্যমে এলপিজি এর ক্ষেত্রে মূসক নির্ণয় ও পরিশোধের বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করে:

(ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এব তৃতীয় তফসিল অনুযায়ী এলপি গ্যাসের উপর উৎপাদন পর্যায়ে সরবরাহ মূল্যের ওপর ৫ (পাঁচ) শতাংশ হারে মূসক আরোপিত হয়ে থাকে। এ ক্ষেত্রে উপকরণ কর রেয়াত প্রযোজ্য হবে না;

(খ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক পেট্রোলিয়াম জাতীয় পণ্য (এলপিজি) এর ভোক্তাপর্যায়ে সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ করা হয়ে থাকে। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর তৃতীয় তফসিল এর অনুচ্ছেদ ৩ অনুযায়ী পেট্রোলিয়াম জাতীয় পণ্যের ক্ষেত্রে স্থানীয় ব্যবসায়ী মূসক হার ২ (দুই) শতাংশ। এক্ষেত্রে কোনরূপ উপকরণ কর রেয়াত প্রযোজ্য হবে না:

(গ) পেট্রোলিয়াম জাতীয় পণ্য (এলপিজি) এর ক্ষেত্রে উৎপাদন/বোতলজাত পর্যায় ও ব্যবসায়ী পর্যায় এ উভয় পর্যায়ের মূসক, যা সরবরাহমূল্যের উপর যথাক্রমে ৫ (পাঁচ) শতাংশ ও ২ (দুই) শতাংশ, উৎপাদন পর্যায়ে উৎপাদনকারী/বোতলজাতকারী কর্তৃক পরিশোধ করতে হবে।

(ঘ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি-বিধান অনুসরণ পূর্বক কর পরিশোধ, যাবতীয় হিসাব সংরক্ষণ, দাখিলপত্র দাখিলসহ সকল কার্যাদি সম্পাদন করতে হবে।

১.২ এনবিআর এর বর্ণিত নির্দেশনা অনুযায়ী এলপিজি'র মূল্যহার নির্ধারণ/পুনর্নির্ধারণ সংক্রান্ত কমিশন কর্তৃক ১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ অনুযায়ী ১২ এপ্রিল ২০২১ তারিখ থেকে কার্যকর এলপিজি'র মূল্যহারে এবং তদপরিবর্তিতে এলপিজি'র মূল্যহার নির্ধারণ/পুন:নির্ধারণ/সমন্বয় আদেশে এলপিজি উৎপাদন/বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ে একবার ২% হারে মূসক অন্তর্ভুক্ত করে জানুয়ারি ২০২৫ পর্যন্ত এলপিজি'র মূল্যহার নির্ধারণ/পুন:নির্ধারণ/সমন্বয় করা হয়।

১.৩ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ এবং এতদসংক্রান্ত বিষয়ে এনবিআর কর্তৃক ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০১.২৪/১০ এবং ১৩ জানুয়ারি ২০২৫ তারিখের বিশেষ আদেশ নং-০২/মূসক/২০২৫ এর মাধ্যমে এলপি গ্যাস এর ক্ষেত্রে মূসকের হার উৎপাদন পর্যায়ে পূর্ববর্তী ৫% এর পরিবর্তে ৭.৫% এ পুন:নির্ধারণ এবং এলপি গ্যাস এর স্থানীয় ব্যবসায়ী পর্যায়ের মূসক থেকে অব্যাহতি প্রদান করে নির্দেশনা জারী করে। উক্ত নির্দেশনা অনুযায়ী এলপি গ্যাস এর ক্ষেত্রে মূসকের হার উৎপাদন পর্যায়ে পূর্ববর্তী ৫% এর পরিবর্তে ৭.৫% এ পুন:নির্ধারণ এবং এলপি গ্যাস এর স্থানীয় ব্যবসায়ী পর্যায়ের মূসক ব্যতিরেকে এলপিজি'র মূল্যহার সমন্বয় করে ১৪ জানুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত ১/২০২৫ তম কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী বিইআরসি আদেশ নম্বর: ২০২৫/০২ জারী করা হয়। উক্ত আদেশের ধারাবাহিকতায় উৎপাদন পর্যায়ে ৭.৫% হারে মূসক ধার্য করে জানুয়ারি ২০২৬ পর্যন্ত এলপিজি'র মূল্যহার মাসভিত্তিতে সমন্বয় করা হয়।

১.৪ উল্লেখ্য, ০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৩ এ সৌদি আরামকো কর্তৃক ঘোষিত ফেব্রুয়ারি ২০২৬ মাসের Saudi Contract Price (Saudi CP) এবং এলপিজি'র ওপর উৎপাদন পর্যায়ে ৭.৫% হারে মূসক বিবেচনায় ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ের মূল্য নিম্নোক্তভাবে সমন্বয় করা হয়:

(ক) বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি কেজি ১০৫.৭১ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি কেজি ১১৩.০৪ টাকা।

(খ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি কেজি ১০১.৯৬ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি কেজি ১০৯.২৯ টাকা বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ০.২২৬৫ টাকা বা প্রতি ঘনমিটার ২২৬.৫০ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ০.২৪২৮ টাকা বা প্রতি ঘনমিটার ২৪২.৮০ টাকা।

(গ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ৫৮.৪৮ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ৬২.১৪ টাকা।

১.৫ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫১-আইন/২০২৬/মূসক এবং একই তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫২-আইন/২০২৬/মূসক এর মাধ্যমে এলপি গ্যাস এর ক্ষেত্রে মূসকের হার আমদানি পর্যায়ে ৭.৫% এ পুন:নির্ধারণ এবং এলপি গ্যাস এর উৎপাদন পর্যায়ে পর্যায়ের ৭.৫% মূসক থেকে অব্যাহতি প্রদান করে নির্দেশনা জারী করা হয়েছে।

১.৬ বর্ণিত প্রেক্ষাপটে এলপিজি'র ওপর মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে ভোক্তপর্যায়ে এলপিজি এবং অটোগ্যাসের মূল্যহার পরিবর্তন/সমন্বয়ের বিষয়টি ২৩ ফেব্রুয়ারি তারিখে অনুষ্ঠিত ০৬/২০২৬ তম বিশেষ কমিশন সভায় উপস্থাপন, পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়।

**২.০ এলপিজি'র মূসক আরোপের পর্যায়ের পরিবর্তনের পরিপ্রেক্ষিতে সরকারি-বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ:**

সার্বিক বিষয় পরীক্ষা-নিরীক্ষা, পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক কমিশনের আদেশ হচ্ছে যে:-

২.১ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫১-আইন/২০২৬/মূসক এবং একই তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫২-আইন/২০২৬/মূসক অনুযায়ী এলপিজি'র আমদানি পর্যায়ে ৭.৫% হারে মূসক বিবেচনায় ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য-

(ক) আমদানিপর্যায়ে মূসক প্রতি কেজি ৬.০৮ টাকা বিবেচনায় ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে এলপিজি'র মূল্য প্রতি কেজি ১১১.৭৯ টাকায় সমন্বয় করা হলো।

(খ) আমদানিপর্যায়ে মূসক প্রতি কেজি ৬.০৮ টাকা বিবেচনায় রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য প্রতি কেজি ১০৮.০৪ টাকায় বা আমদানিপর্যায়ে মূসক প্রতি লিটার ০.১৮০২ টাকা বা প্রতি ঘনমিটার ১৮০.২০ টাকা বিবেচনায় রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য প্রতি লিটার ০.২৪০০ টাকায় বা প্রতি ঘনমিটার ২৪০.০২ টাকায় সমন্বয় করা হলো।

(গ) আমদানিপর্যায়ে মূসক প্রতি লিটার ৩.৩৮ টাকা বিবেচনায় ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্য প্রতি লিটার ৬১.৮৬ টাকায় সমন্বয় করা হলো।

(ঘ) মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ক'**, বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'খ'**, রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'গ'** এবং অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ঘ'** এ সংযুক্ত করা হলো।

(ঙ) মূল্য সংযোজন কর আমদানিপর্যায়ে আরোপ হওয়ায় এবং এলপি গ্যাস লিমিটেড (এলপিজিএল) কর্তৃক বোতলজাতকৃত এলপিজি'র উৎস দেশীয় হওয়ায় এলপি গ্যাস লিমিটেড কর্তৃক সরবরাহকৃত এলপিজি'র ক্ষেত্রে মূসক প্রযোজ্য হবে না। সে অনুযায়ী এলপিজিএল কর্তৃক সরবরাহকৃত প্রতি ১২.৫০ কেজি সরকারি এলপিজি'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূল্যহার ৭৭৬.৯৩ টাকায় সমন্বয় করা হলো এবং সরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **'পরিশিষ্ট-ঙ'** এ সংযুক্ত করা হলো।

২.২ কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, বিপণন/ডিস্ট্রিবিউটর এবং ডিলার/ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে

এলপিজি (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

২.৩ প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

২.৪ এ আদেশ ১০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

২.৫ ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

**ব্রি: জেনারেল মো: শাহিদ সারওয়ার (অব:)**
সদস্য

**ড. সৈয়দা সুলতানা রাজিয়া**
সদস্য

23/02/2026
**মো:মিজানুর রহমান**
সদস্য

**মো: আব্দুর রাজ্জাক**
সদস্য

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬

**পরিশিষ্ট-'ক'**

## মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬

| ক্রমিক নং | | বিবরণ | সমন্বয়কৃত মূল্য (টাকা/কেজি) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price[১] (Saudi CP) | ৬৬.৩৯ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ | ১৪.৭১ |
| | **৩** | **আমদানি মূল্য, মূসকপূর্ব (১+২)** | **৮১.১০** |
| | ৪ | মূসক[১] | ৬.০৮ |
| | **৫** | **আমদানি মূল্য, মূসকউত্তর (৩+৪)** | **৮৭.১৮** |
| | ৬ | অন্যান্য চার্জ | ০.৭৪ |
| | **৭** | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (৫+৬)** | **৮৭.৯২** |
| খ | | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ | ১৫.৯৫ |
| গ | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | **১০৩.৮৭** |
| ঘ | | ডিস্ট্রিবিউটরের চার্জ (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | ৪.১৭ |
| ঙ | | রিটেইলার চার্জ | ৩.৭৫ |
| চ | | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য [ঙ+চ+ছ]** | **১১১.৭৯** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১০ ফাল্গুন ৪৩২ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের ক্রমিক-ঙ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

**ব্রি: জেনারেল মো: শাহিদ সারওয়ার (অব:)**
সদস্য

**ড. সৈয়দা সুলতানা রাজিয়া**
সদস্য

২৩/02/2026
**মো:মিজানুর রহমান**
সদস্য

২৩/০২/২৬
**মো: আব্দুর রাজ্জাক**
সদস্য

২৩/০২/২৬
**জালাল আহমেদ**
চেয়ারম্যান

[১] অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫১-আইন/২০২৬/মূসক এবং একই তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫২-আইন/২০২৬/মূসক অনুযায়ী আমদানি পর্যায়ে ৭.৫% যা আমদানিকারী কর্তৃক পরিশোধযোগ্য।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬

**পরিশিষ্ট-'খ'**

# মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬

| ক্রমিক নং | বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ (কেজি) | Saudi CP | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ | আমদানি মূল্য, মুসকপূর্ব | মূসক[১] | আমদানি মূল্য, মুসকউত্তর | অন্যান্য চার্জ | ইমপোর্ট প্যারিটি প্রাইস | মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর | ডিস্ট্রিবিউটর চার্জ (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | রিটেইলার চার্জ | রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫=৩+৪ | ৬ | ৭=৫+৬ | ৮ | ৯=৭+৮ | ১০ | ১১=৯+১০ | ১২ | ১৩ | ১৪=(১১+১২+১৩) |
| ১ | ৫.৫ | ৩৬৪.৯১৫ | ৮০.৯০৫ | ৪৪৫.৮২০ | ৩৩.৪৪০ | ৪৭৯.২৬০ | ৪.০১৫ | ৪৮৩.২৭৫ | ৮৭.৭২৫ | ৫৭১.০০০ | ২৩.০০০ | ২১.০০০ | ৬১৫.০০০ |
| ২ | ১২ | ৭৯৬.৩৬০ | ১৭৬.৫২০ | ৯৭২.৮৮০ | ৭২.৯৬০ | ১,০৪৫.৮৪০ | ৮.৭৬০ | ১,০৫৪.৬০০ | ১৯১.৪০০ | ১,২৪৬.০০০ | ৫০.০০০ | ৪৫.০০০ | ১,৩৪১.০০০ |
| ৩ | ১২.৫ | ৮২৯.৬২৫ | ১৮৩.৮৭৫ | ১,০১৩.৫০০ | ৭৬.০০০ | ১,০৮৯.৫০০ | ৯.১২৫ | ১,০৯৮.৬২৫ | ১৯৯.৩৭৫ | ১,২৯৮.০০০ | ৫২.০০০ | ৪৭.০০০ | ১,৩৯৭.০০০ |
| ৪ | ১৫ | ৯৯৫.৯৫০ | ২২০.৬৫০ | ১,২১৬.৬০০ | ৯১.২০০ | ১,৩০৭.৮০০ | ১০.৯৫০ | ১,৩১৮.৭৫০ | ২৩৯.২৫০ | ১,৫৫৮.০০০ | ৬৩.০০০ | ৫৬.০০০ | ১,৬৭৭.০০০ |
| ৫ | ১৬ | ১,০৬২.৪৮০ | ২৩৫.৩৬০ | ১,২৯৭.৮৪০ | ৯৭.২৮০ | ১,৩৯৫.১২০ | ১১.৬৮০ | ১,৪০৬.৮০০ | ২৫৫.২০০ | ১,৬৬২.০০০ | ৬৭.০০০ | ৬০.০০০ | ১,৭৮৯.০০০ |
| ৬ | ১৮ | ১,১৯৪.৫৪০ | ২৬৪.৭৮০ | ১,৪৫৯.৩২০ | ১০৯.৪৪০ | ১,৫৬৮.৭৬০ | ১৩.১৪০ | ১,৫৮১.৯০০ | ২৮৭.১০০ | ১,৮৬৯.০০০ | ৭৫.০০০ | ৬৮.০০০ | ২,০১২.০০০ |
| ৭ | ২০ | ১,৩২৮.৬০০ | ২৯৪.২০০ | ১,৬২২.৮০০ | ১২১.৬০০ | ১,৭৪৪.৪০০ | ১৪.৬০০ | ১,৭৫৯.০০০ | ৩১৯.০০০ | ২,০৭৮.০০০ | ৮৩.০০০ | ৭৫.০০০ | ২,২৩৬.০০০ |
| ৮ | ২২ | ১,৪৫৯.৬৬০ | ৩২৩.৬২০ | ১,৭৮৩.২৮০ | ১৩৩.৭৬০ | ১,৯১৭.০৪০ | ১৬.০৬০ | ১,৯৩৩.১০০ | ৩৫০.৯০০ | ২,২৮৪.০০০ | ৯২.০০০ | ৮৩.০০০ | ২,৪৫৯.০০০ |
| ৯ | ২৫ | ১,৬৬০.২৫০ | ৩৬৭.৭৫০ | ২,০২৮.০০০ | ১৫২.০০০ | ২,১৮০.০০০ | ১৮.২৫০ | ২,১৯৮.২৫০ | ৩৯৮.৭৫০ | ২,৫৯৭.০০০ | ১০৪.০০০ | ৯৪.০০০ | ২,৭৯৫.০০০ |
| ১০ | ৩০ | ১,৯৯১.৯০০ | ৪৪১.৩০০ | ২,৪৩৩.২০০ | ১৮২.৪০০ | ২,৬১৫.৬০০ | ২১.৯০০ | ২,৬৩৭.৫০০ | ৪৭৮.৫০০ | ৩,১১৬.০০০ | ১২৫.০০০ | ১১৩.০০০ | ৩,৩৫৪.০০০ |
| ১১ | ৩৩ | ২,১৯০.৪৯০ | ৪৮৫.৪৩০ | ২,৬৭৫.৯২০ | ২০০.৬৪০ | ২,৮৭৬.৫৬০ | ২৪.০৯০ | ২,৯০০.৬৫০ | ৫২৬.৩৫০ | ৩,৪২৭.০০০ | ১৩৮.০০০ | ১২৪.০০০ | ৩,৬৮৯.০০০ |
| ১২ | ৩৫ | ২,৩২৪.৫৫০ | ৫১৪.৮৫০ | ২,৮৩৯.৪০০ | ২১২.৮০০ | ৩,০৫২.২০০ | ২৫.৫৫০ | ৩,০৭৭.৭৫০ | ৫৫৮.২৫০ | ৩,৬৩৬.০০০ | ১৪৬.০০০ | ১৩১.০০০ | ৩,৯১৩.০০০ |
| ১৩ | ৪৫ | ২,৯৮৭.৮৫০ | ৬৬১.৯৫০ | ৩,৬৪৯.৮০০ | ২৭৩.৬০০ | ৩,৯২৩.৪০০ | ৩২.৮৫০ | ৩,৯৫৬.২৫০ | ৭১৭.৭৫০ | ৪,৬৭৪.০০০ | ১৮৮.০০০ | ১৬৯.০০০ | ৫,০৩১.০০০ |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১০ ফাল্গুন ৪৩২ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের কলাম-১০ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

**ব্রি: জেনারেল মো: শাহিদ সারওয়ার (অব:)**
সদস্য

**ড. সৈয়দা সুলতানা রাজিয়া**
সদস্য

২৩/০২/২০২৬
**মো:মিজানুর রহমান**
সদস্য

২৩/০২/২৫
**মো: আব্দুর রাজ্জাক**
সদস্য

২৩/০২/২৫
**জালাল আহমেদ**
চেয়ারম্যান

[১] অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীন সম্পদ বিভাগ কর্তৃক ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫১-আইন/২০২৬/মূসক এবং একই তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫২-আইন/২০২৬/মূসক অনুযায়ী আমদানি পর্যায়ে ৭.৫% যা আমদানিকারী কর্তৃক পরিশোধযোগ্য।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬

**<u>পরিশিষ্ট-'গ'</u>**

# মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬

| ক্রমিক নং | | বিবরণ | সমন্বয়কৃত মূল্য (টাকা/কেজি) | টাকা/লিটার (গ্যাসীয় অবস্থায়) | টাকা/ঘনমিটার (গ্যাসীয় অবস্থায়) |
|---|---|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price[২] (Saudi CP) | ৬৬.৩৯ | ০.১৪৭৫ | ১৪৭.৫০ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ | ১৪.৭১ | ০.০৩২৭ | ৩২.৭০ |
| | ৩ | **আমদানি মূল্য, মূসকপূর্ব (১+২)** | **৮১.১০** | **০.১৮০২** | **১৮০.২০** |
| | ৪ | মূসক[১] | ৬.০৮ | ০.০১৩৫ | ১৩.৫০ |
| | ৫ | **আমদানি মূল্য, মূসকউত্তর (৩+৪)** | **৮৭.১৮** | **০.১৯৩৭** | **১৯৩.৭০** |
| | ৬ | অন্যান্য চার্জ | ০.৭৪ | ০.০০১৬ | ১.৬০ |
| | ৭ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (৫+৬)** | **৮৭.৯২** | **০.১৯৫৩** | **১৯৫.৩০** |
| খ | | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ | ১৫.৯৫ | ০.০৩৫৪ | ৩৫.৪০ |
| **গ** | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | **১০৩.৮৭** | **০.২৩০৭** | **২৩০.৭০** |
| ঘ | | ডিস্ট্রিবিউটরের চার্জ (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | ৪.১৭ | ০.০০৯৩ | ৯.৩০ |
| **ঙ** | | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য (ঙ+চ)** | **১০৮.০৪** | **০.২৪০০** | **২৪০.০০** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১০ ফাল্গুন ৪৩২ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের ক্রমিক নং-ঙ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

**ব্রি: জেনারেল মো: শাহিদ সারওয়ার (অব:)**
সদস্য

**ড. সৈয়দা সুলতানা রাজিয়া**
সদস্য

23/02/2026
**মো:মিজানুর রহমান**
সদস্য

**মো: আব্দুর রাজ্জাক**
সদস্য

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

---

[১] অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫১-আইন/২০২৬/মূসক এবং একই তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫২-আইন/২০২৬/মূসক অনুযায়ী আমদানি পর্যায়ে ৭.৫% যা আমদানিকারী কর্তৃক পরিশোধযোগ্য।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬

**পরিশিষ্ট-'ঘ'**

# মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬

| ক্রমিক নং | | বিবরণ | সমন্বয়কৃত মূল্য (টাকা/লিটার) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price (Saudi CP) | ৩৬.৮৮ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ | ৮.১৭ |
| | ৩ | **আমদানি মূল্য, মূসকপূর্ব (১+২)** | **৪৫.০৫** |
| | ৪ | মূসক[১] | ৩.৩৮ |
| | ৫ | **আমদানি মূল্য, মূসকউত্তর (৩+৪)** | **৪৮.৪৩** |
| | ৬ | অন্যান্য চার্জ | ০.৪১ |
| | ৭ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (৫+৬)** | **৪৮.৮৪** |
| খ | | এলপিজি মজুতকরণ চার্জ | ৩.৩৪ |
| গ | | **এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | **৫২.১৮** |
| ঘ | | পরিবহণ চার্জ | ১.৬৮ |
| ঙ | | স্টেশন চার্জ | ৮.০০ |
| চ | | **ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার (প্রতি লিটার) (ঙ+চ+ছ)** | **৬১.৮৬** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১০ ফাল্গুন ৪৩২ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ, অটোগ্যাস স্টেশনের নিকট এবং ভোক্তাপর্যায়ে অটোগ্যাস স্টেশনে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

**ব্রি: জেনারেল মো: শাহিদ সারওয়ার (অব:)**
সদস্য

**ড. সৈয়দা সুলতানা রাজিয়া**
সদস্য

২৩/০২/২৬

**মো:মিজানুর রহমান**
সদস্য

২৩/০২/২০২৬

**মো: আব্দুর রাজ্জাক**
সদস্য

২৩/০২/২৬

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

[১] অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫১-আইন/২০২৬/মূসক এবং একই তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫২-আইন/২০২৬/মূসক অনুযায়ী আমদানি পর্যায়ে ৭.৫% যা আমদানিকারী কর্তৃক পরিশোধযোগ্য।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬

**পরিশিষ্ট-'ঙ'**

## মূসক আরোপের পর্যায় পরিবর্তনের ফলে সরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬

| বিবরণ | | পুনঃনির্ধারিত মূল্যহার (টাকা/১২.৫ কেজি) |
|---|---|---|
| ১ | ইআরএল/এসজিএফএল পর্যায়ের মূল্য | ৪৮০.৭৩ |
| ২ | এলপিজিএল এর এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ | ১৬০.২০ |
| **৩** | **এলপিজিএল পর্যায়ের মূল্য (১+২)** | **৬৪০.৯৩** |
| ৪ | তেল বিপণন কোম্পানীর চার্জ | ৩০.০০ |
| ৫ | সমান পরিবহণ ভাড়া | ৬৫.০০ |
| **৬** | **মূল স্থাপনা/ডিপো মূল্য (৩+৪+৫)** | **৭৩৫.৯৩** |
| ৭ | ডিলারদের স্থানীয় পরিবহণ খরচ | ২১.০০ |
| ৮ | ডিলার পর্যায়ে অপারেশন খরচ ও চার্জ | ২০.০০ |
| **৯** | **ডিলার/রিটেইলার পয়েন্ট/ভোক্তাপর্যায়ে মূল্যহার (৬+৭+৮)** | **৭৭৬.৯৩** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১০ ফাল্গুন ৪৩২ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, বিপণন এবং ডিলার/ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিজি বিক্রয় করা যাবে না।

**ব্রি: জেনারেল মো: শাহিদ সারওয়ার (অব:)**
সদস্য

**ড. সৈয়দা সুলতানা রাজিয়া**
সদস্য

২৩/০২/২০২৬

**মো:মিজানুর রহমান**
সদস্য

২৩/০২/২৬

**মো: আব্দুর রাজ্জাক**
সদস্য

২৩/০২/২৬

**জালাল আহমেদ**
চেয়ারম্যান